

## ঐতিহাসিক

নাঃ সবাইকে সন্তুষ্ট করা যায় না।  
 এই যেমন অযোধ্যায় রাম,  
 অমন নামী একজন নায়ক,  
 সবাইকে সন্তুষ্ট করতে গিয়ে  
 কত বড় দামই না তাঁকে দিতে হয়েছিলো।

চিত্রতারকা নন,  
 রীতিমত জীবনতারকা,  
 এত শতাব্দী পরেও যাঁর ফ্যান-এর অভাব নেই,  
 যাঁর নাম তুলে প্রীতিসম্ভাষণ করা হয়,  
 হাই তোলা হয়,  
 অপরকে লজ্জাও দেওয়া হয়,  
 ভারতের প্রায়ৈতিহাসের নক্ষত্রবিশেষ বললে অত্যাতি হয় না, —  
 তিনি, বাবার মুখ উজ্জ্বল করার জন্য,  
 আর বাবার বন্ধু বাঘা বাঘা জটাধারীদের খুশী করার জন্য  
 তাঁদের শ্রেণীশত্রু যজ্ঞবিঘ্নকারী রাক্ষসদের দমন করলেন;  
 (আশা করা যায় যে এই আধুনিক ব্যাখ্যাটা কারও কারও মনঃপুত হয়েছে;)  
 পৈতৃক পরিবারের খ্যাতির থালাটা  
 মেজে ঘ'ষে আরও আয়নার মত চকচকে করার জন্য  
 অপর এক অভিজাত পরিবারের  
 (শ্রেণীমিত্রের)  
 ডবল সাইজের ধনুক ভেঙে বালিকা বধু অর্জন করলেন।

তারপর বিমাতাকে খুশী করার জন্য  
 (হারেম রাজনীতির কবলে পড়ে)  
 রাজ্য ছেড়ে চোদ্দ বছরের জন্য বনে বাদাড়ে ঘুরতে গেলেন।  
 পলায়নবৃত্তিতেও স্বস্তি নেই,  
 বাচ্চা বৌটির মন রাখতে গিয়ে  
 অলীক জানোয়ারের পিছনে দৌড়লেন,  
 বৌকে হারালেন।  
 (সেকালের কিড্‌ন্যাপিং।)

বন্দিনী বৌকে উদ্ধার করে  
 নিজের শার্টের কলারটা উঁচু করলেন ঠিকই,  
 কিন্তু সেজন্য কম ঝামেলা করতে হয় নি, —  
 সমুদ্রের উপর সাঁকো বাঁধতে হয়েছিলো,

পাল পাল বাঁদরকে নাকি বশ করতে হয়েছিলো,  
সুগ্রীবের মৈত্রী পাবার জন্য  
বালির সঙ্গে শত্রুতা করতে হয়েছিলো,  
আরও কত কি, —  
রাজনীতি, কূটনীতি, ফাটাফাটি লড়াই।

তার পর নিজের এবং পিতৃতান্ত্রিক সমাজের  
পৌষাভিমান চরিতার্থ করার জন্য  
অমন আদরের বৌকে ফিরে পেয়েও  
দাউ-দাউ আঙনের মধ্যে দিয়ে নিয়ে গেলেন।

এত ক'রেও কিম্ব শান্তি হলো না।  
অবশেষে  
খল জনগণের  
মনোরঞ্জনের জন্য  
পোয়াতী ছীকে  
ছলনা ক'রে  
ঘর থেকে বার ক'রে দিলেন।

কেতকী কুশারী ডাইসন

